# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

**মামলা নং- ০৩/২০২১**

**অভিযোগকারী** : জনাব মোঃ জহুরুল ইসলাম
সাধারণ সম্পাদক
বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি,
সিটি হার্ট (৪র্থ ফ্লোর), ৬৭, নয়াপল্টন, ঢাকা-১০০০।

**বনাম**

**প্রতিপক্ষ** : চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

**চূড়ান্ত আদেশের তারিখ : ৩১-০৮-২০২২ খ্রিঃ**

কমিশন :
১। জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
২। জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৩। ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৪। জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

**বর্ণিত প্রেক্ষাপট, সার্বিক পরিস্থিতি এবং আইনের বিধানাবলী বিশ্লেষণে কমিশন নিম্নরূপ চূড়ান্ত আদেশ প্রদান করেন:**

## চূড়ান্ত আদেশ

১। প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ৮ এর উপধারা (১) এর দফা (ঙ) এর উদ্দেশ্য পূরণকল্পে দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করার ও বজায় রাখার লক্ষ্যে সরকারকে সহযোগিতা করার উদ্দেশ্যে আদেশ নং ৩-৫ এ বর্ণিত পরামর্শ প্রদান সাপেক্ষে মামলাটি দোতরফাসূত্রে নিষ্পত্তি করা হলো।

২। আবেদনকারীর আবেদনে পরোক্ষভাবে আনীত প্রতিপক্ষ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রতিযোগিতা আইন, ২০১২ এর কোন ধারা লঙ্ঘন করার বিষয়টি প্রমাণিত না হওয়ায় অভিযোগকারী তার প্রার্থীত মোতাবেক প্রতিকার পেতে পারে না।

চলমান পৃষ্ঠা-২

৩। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) শিক্ষার্থীদের মাঝে সঠিক সময়ে বই সরবরাহের নিমিত্ত বই মুদ্রণের ক্ষেত্রে দেশি-বিদেশি প্রতিষ্ঠান নির্বাচনকালে প্রতিযোগিতা আইন, ২০১২, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ যথাযথভাবে প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

৪। দেশি-বিদেশি মুদ্রণ প্রতিষ্ঠানসমূহ টেন্ডারে উল্লিখিত সময়ের মধ্যে যাতে শিক্ষার্থীদের মাঝে মুদ্রিত বই সরবরাহ করতে পারে সে বিষয়ে প্রতিষ্ঠানসমূহ দায়িত্বশীল থাকবে।

৫। আদেশ নং ৩ এর ধারাবাহিকতায় অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে মুদ্রণ শিল্প সম্পর্কিত ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ বজায় রাখা, মুদ্রণ শিল্পের প্রসার ঘটানো এবং উক্ত শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) মাঝে মাঝে মুদ্রণ শিল্প সমিতি এবং সংশ্লিষ্ট অংশীজনের সাথে পলিসি ডায়ালগ এর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে পারে।

| | | | |
|---|---|---|---|
| স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- |
| ৩১/০৮/২০২২ খ্রিঃ | ৩১/০৮/২০২২ খ্রিঃ | ৩১/০৮/২০২২ খ্রিঃ | ৩১/০৮/২০২২ খ্রিঃ |
| নাসরিন বেগম | ড. এ এফ এম মনজুর কাদির | জি. এম. সালেহ উদ্দিন | মোঃ মফিজুল ইসলাম |
| সদস্য | সদস্য | সদস্য | চেয়ারপার্সন |